# রূপালী ব্যাংক পিএলসি

**পরিকল্পনা ও গবেষণা বিভাগ**

**প্রধান কার্যালয়, ঢাকা।**

**প্রকা/পগ/নোটিশ/২০২৪/১৭**

**তারিখ: ২২-০৯-২০২৪**

## সেবা প্রদান প্রতিশ্রুতি (CITIZEN'S CHARTER) সংক্রান্ত তদারকি কমিটি'র ১ম সভার বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, এ ব্যাংকের সেবা প্রদান প্রতিশ্রুতি (CITIZEN'S CHARTER) সংক্রান্ত তদারকি কমিটি'র ২০২৪-২৫ অর্থবছরের ১ম সভা আগামী ২৪-০৯-২০২৪ তারিখ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় মহাব্যবস্থাপক জনাব মোঃ মইনুদ্দিন মাসুদ এর সভাপতিত্বে তার কক্ষে অনুষ্ঠিত হবে। সভার আলোচ্যসূচী নিম্নরূপ:

১। ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ;

২। ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ নিশ্চিতকরণ;

৩। আওতাধীন দপ্তর/সংস্থার হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে প্রদর্শন নিশ্চিতকরণ;

৪। ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সভা আয়োজন;

৫। ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন।

কমিটির সদস্যগণকে উল্লিখিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ জানানো হলো।

(আফরোজা সুলতানা)
উপমহাব্যবস্থাপক ও সদস্য সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তদারকি কমিটি

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও গবেষণা বিভাগের দায়িত্বপ্রাপ্ত) এর সচিবালয়, রূপালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা;

২. উপমহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক পিএলসি, আইসিটি সিস্টেমস বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা;

৩. উপমহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক পিএলসি, আইসিটি অপারেশনস বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা;

৪. সহকারী মহাব্যবস্থাপক, মার্কেটিং বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

# রূপালী ব্যাংক পিএলসি

## পরিকল্পনা ও গবেষণা বিভাগ

## প্রধান কার্যালয়, ঢাকা।

### সেবা প্রদান প্রতিশ্রুতি (CITIZEN'S CHARTER) সংক্রান্ত তদারকি কমিটি'র ১ম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | **জনাব মোঃ মইনুদ্দিন মাসুদ, মহাব্যবস্থাপক ও সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তদারকি কমিটি** |
| **সঞ্চালক** | : | জনাব আফরোজা সুলতানা, উপমহাব্যবস্থাপক ও সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তদারকি কমিটি |
| **সভার স্থান** | : | মহাব্যবস্থাপক জনাব মোঃ মইনুদ্দিন মাসুদ - এর কক্ষ |
| **তারিখ ও সময়** | : | ২৪-০৯-২০২৪, মঙ্গলবার, সকাল ১১.০০ |
| **উপস্থিতি** | : | উপস্থিতি শীট সংযুক্ত |

১। সভাপতি কমিটির সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি স্বাগত বক্তব্যে মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৪-২৫ এর প্রতি আলোকপাত করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রমসমূহ বাস্তবায়ন করার জন্য নির্দেশনা প্রদান করেন।

২। সভাপতির অনুমতিক্রমে সঞ্চালক জনাব আফরোজা সুলতানা সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৪-২৫ পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন এবং এ বিষয়ে কমিটির কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় -

| ক্রমিক | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.১. | নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ এবং ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন। | সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপনের নির্দেশনা প্রদান এবং নিয়মিত মনিটরিং করা। | পরিকল্পনা ও গবেষণা বিভাগ, আইসিটি অপারেশনস বিভাগ, আইসিটি সিস্টেমস বিভাগ |
| ৩.২. | আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ নিশ্চিতকরণ। | সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক প্রকাশ্যে প্রদর্শন করার জন্য অভিন্ন ব্যানার প্রস্তুতকরণ এবং ওয়েবসাইটে আপলোডকরণের নিমিত্ত আওতাধীন দপ্তর/সংস্থার স্বতন্ত্র ওয়েবসাইট আপ-টু-ডেট রাখাসহ ওয়েবসাইটের হোম পেজে Sub-branch এর মাধ্যমে সার্চ অপশন চালু করার নির্দেশনা প্রদান। | পরিকল্পনা ও গবেষণা বিভাগ, আইসিটি সিস্টেমস বিভাগ, মার্কেটিং বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/সংস্থা |
| ৩.৩. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভা ২৫-০৯-২০২৪ তারিখে আয়োজনের জন্য পরিকল্পনা ও গবেষণা বিভাগকে নির্দেশনা প্রদান। | পরিকল্পনা ও গবেষণা বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/সংস্থা |
| ৩.৪. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন। | কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করার নির্দেশনা। | আরবিটিএ এবং সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/সংস্থা |

৪। অতঃপর উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**(মোঃ মইনুদ্দিন মাসুদ)**
মহাব্যবস্থাপক ও সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তদারকি কমিটি

# রূপালী ব্যাংক পিএলসি

পরিকল্পনা ও গবেষণা বিভাগ

প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখ: ২৪-০৯-২০২৪

## সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তদারকি কমিটি'র ১ম সভার উপস্থিতি শীট

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব মোঃ মইনুদ্দিন মাসুদ<br>মহাব্যবস্থাপক ও সভাপতি | 24-09-2024 |
| ২. | জনাব মোহাম্মদ কাউসার মোস্তাফিজ<br>উপমহাব্যবস্থাপক ও সদস্য / AGM<br>Molla Golam Faruk | 24.09.24 |
| ৩. | জনাব মোহাম্মদ আব্দুর রাজ্জাক<br>উপমহাব্যবস্থাপক ও সদস্য | 24.09.2024 |
| ৪. | জনাব কামাল উদ্দিন আহাম্মদ<br>সহকারী মহাব্যবস্থাপক ও সদস্য | 24.09.24 |
| ৫. | জনাব আফরোজা সুলতানা<br>উপমহাব্যবস্থাপক ও সদস্য সচিব | 24.09.2024. |